# মেনিনজোকোক্কাল ACWY টিকা—MenACWY এবং MPSV4: *আপনাকে কি কি জানতে হবে*

বাংলা ও অন্যান্য ভাষায় টীকাকরণ সম্পর্কিত তথ্য উপলব্ধ আছে। এটি দেখুন www.immunize.org/vis

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

## 1 কেন টিকা নেওয়া উচিত?

মেনিনজোকোক্কাল রোগ হল একটি গুরুতর অসুস্থতা যা *নেসিরিয়া মেনিনজিটিডিস* নামক ব্যাকটেরিয়ার কারণে হয়। এটির ফলে মেনিনজাইটিস (মস্তিষ্ক এবং সুষুম্না কান্ডের আস্তরণের সংক্রমণ) এবং রক্ত সংক্রমণ হতে পারে। মেনিনজোকোক্কাল রোগ প্রায়ই কোনো সতর্কতা ছাড়াই হয়—এমনকি স্বাস্থ্যবান মানুষের মধ্যেও হতে পারে।

মেনিনজোকোক্কাল ঘনিষ্ঠ সংস্পর্শের (কাশি ও চুমু খাওয়া) ফলে অথবা দীর্ঘক্ষণ সংস্পর্শ, বিশেষ করে একই ঘরে থাকার কারণে একজন মানুষের থেকে অন্যজনের মধ্যে ছড়াতে পারে।

অন্তত 12 ধরনের *এন মেনিনজিটিডিস* আছে, এদের "সেরোগ্রুপস" বলা হয়। সেরোগ্রুপস A, B, C, W এবং Y বেশীরভাগ মেনিনজোকোক্কাল রোগের জন্য দায়ী।

যে কারো মেনিনজোকোক্কাল রোগ হতে পারে, তবে কিছু লোকের মধ্যে এই রোগ হওয়ার ঝুঁকি বেশী থাকে, এদের মধ্যে রয়েছে:

- এক বছরের কম বয়সী নবজাতকদের
- 16 থেকে 23 বছরের কিশোর-কিশোরী এবং যুবক-যুবতিদের
- ইমিউন সিস্টেমের ক্ষতি করে এমন রোগগ্রস্থ মানুষদের
- অণুজীব বিজ্ঞানীরা যারা নিয়মিতভাবে *এন মেনিনজিটিডিসের পৃথকীকরণ সঙ্গে কাজ করেন*
- তাদের কমিউনিটির মধ্যে এর প্রাদুর্ভাব দেখা দেওয়ার ফলে ঝুঁকিতে থাকা লোকজন

এমনকি যখন চিকিৎসা করা হয়, তার মধ্যেও মেনিনজোকোক্কাল 100 জনের মধ্যে 10 থেকে 15 জন মারা যায়। 100 জনের মধ্যে যে 10 থেকে 20 জন বেঁচে যান তারা চুল পড়া, মস্তিষ্কে ক্ষতি, কিডনির ক্ষতি, অঙ্গচ্ছেদ, স্নায়ু তন্ত্রের সমস্যা বা স্কিন গ্রাফ্টের মারাত্মক ক্ষতের মতো প্রতিবন্ধকতায় ভুগবেন।

**মেনিনজোকোক্কাল ACWY** টিকা সেরোগ্রুপস A, C, W এবং Y এর ফলে হওয়া মেনিনজোকোক্কাল রোগ প্রতিরোধ করতে সহায়তা করবে। সেরোগ্রুপ B এর থেকে সহায়তা করার জন্য একটি মেনিনজোকোক্কাল টিকা উপলভ্য রয়েছে।

## 2 মেনিনজোকোক্কাল ACWY টিকা

সেরোগ্রুপস A, C, W এবং Y এর থেকে সুরক্ষার জন্য ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) দ্বারা লাইসেন্সকৃত দুই ধরনের মেনিনজোকোক্কাল টিকা রয়েছে: মেনিনজোকোক্কাল কনজুগেট ভ্যাকসিন (**MenACWY**) এবং মেনিনজোকোক্কাল পলিস্যাকারাইড ভ্যাকসিন (**MPSV4**).

MenACWY এর দুই ডোজ 11 থেকে 18 বছরের কিশোর/কিশোরীদের নিয়মিতভাবে নেওয়া বাঞ্ছনীয়: 11 বা 12 বছরে প্রথম ডোজ, এর সঙ্গে 16 বছরে বুস্টার ডোজ। HIV আছে এমন কিশোর/কিশোরীদের, অতিরিক্ত ডোজ নিতে হবে। আরো তথ্যের জন্য আপনার হেলথ কেয়ার প্রোভাইডারের সঙ্গে কথা বলুন।

কিশোর বয়সের জন্য নিয়মিত টিকা ছাড়াও, MenACWY টিকা নির্দিষ্ট কিছু বয়সের মানুষদের জন্য প্রস্তাবিত:

- সেরোগ্রুপ A, C, W বা Y মেনিনজোকোক্কাল রোগের প্রাদুর্ভাবের কারণে ঝুঁকির মুখে রয়েছে এমন মানুষজন
- প্লীহা ক্ষতিগ্রস্ত হয়েছে বা সরিয়ে ফেলা হয়েছে এমন যে কেউ
- "ক্রমাগত সম্পূরক উপাদান অভাব বা পারসিস্টেন্ট কমপ্লিমেন্ট কম্পোনেন্ট ডেফিসিয়েন্সি" নামক বিরল ইমিউন সিস্টেম রয়েছে এমন যে কেউ
- একুলাইজুমাব (সলিরিস® ও বলা হয়) নামক ওষুধ নেয় এমন যে কেউ
- অণুজীব বিজ্ঞানীরা যারা নিয়মিতভাবে *এন মেনিনজিটিডিসের পৃথকীকরণ সঙ্গে কাজ করেন*
- মেনিনজোকোক্কাল রোগ সাধারণ ব্যাপার পৃথিবীর এমন যে কোনো অংশে যাওয়া, থাকা যেমন আফ্রিকার কিছু অংশ
- ডরমিটরিতে বসবাসরত প্রথম বর্ষের কলেজ শিক্ষার্থীরা
- ইউ.এস মিলিটারি নিয়োগপ্রাপ্তরা

2 থেকে 23 মাস বয়সী শিশুরা এবং নির্দিষ্ট অসুস্থতা থাকা এমন মানুষজন যাদের পর্যাপ্ত সুরক্ষার জন্য একাধিক ডোজের প্রয়োজন। আপনার সাস্থ্য পরিষেবা প্রদানকারীকে ডোজের সংখ্যা ও সময় সম্পর্কে এবং বুস্টার ডোজের প্রয়োজনীয়তা সম্পর্কে জিজ্ঞাসা করুন।

**MenACWY** সেইসব বয়সের মানুষদের জন্য প্রস্তাবিত যাদের বয়স 2 মাস থেকে 55 বছর, আগে MenACWY নিয়েছেন বা একাধিক ডোজের প্রয়োজন বলে মনে হয়।

**MPSV4** 55 বছরের বেশী বয়সী যেসব মানুষের শুধুমাত্র একটি একক ডোজ প্রয়োজন বলে মনে হয় তাদের জন্য প্রস্তাবিত (পর্যটক, বা কমিউনিটিতে প্রাদুর্ভাবের সময়)।

## 3 কিছু লোকের এই টিকা নেওয়া উচিৎ নয়

আপনাকে যে ব্যক্তি টিকা দিচ্ছেন তাকে এগুলো জানান:

- **যদি আপনার কোনো মারাত্মক বা জীবনহানি হতে পারে এমন কোনো অ্যালার্জি থাকে।**

  যদি আপনার মেনিনজোকোক্কাল ACWY টিকা নেওয়ার পর জীবনহানি হতে পারে এমন অ্যালার্জি হয়ে থাকে অথবা এই টিকা নেওয়ার যে কোনো সময়ে মারাত্মক অ্যালার্জি হয়ে থাকে তাহলে এই টিকা আপনার নেওয়া উচিত নয়। আপনার প্রোভাইডার আপনাকে টিকার উপাদানগুলো সম্পর্কে বলতে পারেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

- **যদি আপনি গর্ভবতী হন বা বুকের দুধ খাওয়ান।**
  গর্ভবতী মহিলা বা স্তন্যদানকারী মহিলার মধ্যে এই টিকার সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে খুব বেশী তথ্য নেই। যদি প্রয়োজন হয় কেবল তখনই তাহলে গর্ভকালীন অবস্থায় ব্যবহার করতে হবে।

যদি আপনার হালকা অসুস্থতা যেমন ঠান্ডা লাগা, হয়ে থাকে তাহলে সম্ভবত আপনাকে আজই টিকা দেওয়া হবে। যদি আপনার মাঝারি বা তীব্র অসুস্থতা থাকে, তাহলে সম্ভবত আপনি সুস্থ না হওয়া পর্যন্ত আপনাকে অপেক্ষা করতে হবে। এই বিষয়ে আপনার ডাক্তার আপনাকে উপদেশ দেবেন।

## 4 টিকা প্রতিক্রিয়ার ঝুঁকি

টিকা সহ যে কোনো ওষুধের ক্ষেত্রে পার্শ্ব-প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে। এগুলো সাধারণত খুব বড় হয় না এবং কিছু দিনের মধ্যে নিজে থেকেই ঠিক হয়ে যায়, কিন্তু মারাত্মক প্রতিক্রিয়াও দেখা দিতে পারে।

যে সমস্ত মানুষজন মেনিনজোকোক্কাল ACWY টিকা নিয়েছেন তাদের **মৃদু সমস্যা** দেখা দিয়েছে যেমন যেখানে দেওয়া হয়েছে সেই জায়গাটা লাল হয়ে গেছে বা ব্যাথা হয়েছে। যদি এইসব সমস্যা হয়, সেগুলো সাধারণত 1 বা 2 দিনের জন্য স্থায়ী হয়। এগুলো MPSV4 নেওয়ার পর যতটা না কমন তার থেকে বেশী কমন MenACWY এর পর।

খুব কম মানুষের মধ্যে এই টিকা নেওয়ার পর হালকা জ্বর আসতে পারে।

**ইঞ্জেকশনের মাধ্যমে কোন টিকা নেওয়ার পরে যেসব সমস্যা দেখা দিতে পারে:**
- টিকা সহ মেডিক্যাল পদ্ধতির পর মানুষ অনেক সময় মুর্ছা যেতে পারে। প্রায় 15 মিনিট ধরে বসে বা শুয়ে থাকলে মুর্ছা যাওয়া এবং পড়ে যাওয়ার ফলে হওয়া আঘাত প্রতিরোধ করা যেতে পারে। আপনার যদি মাথা ঘোরে, বা দৃষ্টি পরিবর্তন হয় বা কান বাজে তাহলে আপনার ডাক্তারকে জানান।
- কিছু ব্যক্তির কাঁধে প্রচন্ড ব্যাথা হয় এবং হাতের যেখানে টিকা দেওয়া হয়েছে সেই জায়গা নাড়াতে পারে না। এইরকম খুবই কম হয়।
- যে কোনো ওষুধ থেকে একটি তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে। টিকা থেকে এই ধরনের প্রতিক্রিয়া খুব কম হয়, প্রায় 1 লক্ষাধিক ডোজের মধ্যে একটি এবং টিকা দেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে হয়।

যে কোনো ওষুধের মতো, টিকা নেওয়ার ফলে অসুস্থ হওয়া বা মৃত্যু হওয়ার সম্ভাবনা খুবই কম।

টিকার নিরাপত্তার প্রতি সবসময় নজর দেওয়া হচ্ছে। আরও বেশি তথ্যের জন্য দেখুন: **www.cdc.gov/vaccinesafety/**

## 5 মারাত্মক প্রতিক্রিয়া দেখা দিলে কি হবে?

**আমার কি খেয়াল রাখা উচিত?**
- আপনার জন্য উদ্বেগের কারণ হতে পারে এমন সবকিছুর জন্য খেয়াল রাখুন, যেমন গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া, প্রচন্ড জ্বর, বা অস্বাভাবিক আচরণের লক্ষণ।
  গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণগুলোর মধ্যে হলো হাইভস, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে কষ্ট হওয়া, হৃদ স্পন্দন (হার্ট বিট) বেড়ে যাওয়া, মাথা ঘোরা, এবং দুর্বলতা—সাধারণত টিকা দেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে হয়।

**আমার কি করা উচিত?**
- আপনার যদি মনে হয় যে এটি গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া বা অন্য কোন জরুরীকালীন পরিস্থিতি যার জন্য অপেক্ষা করা যাবে না, তাহলে 9-1-1 নম্বরে ফোন করুন এবং নিকটস্থ হাসপাতালে যান। অন্যথায়, আপনার ডাক্তারকে ফোন করুন।
- এরপর, প্রতিক্রিয়া সম্পর্কে "ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম" (Vaccine Adverse Event Reporting System, VAERS)এ রিপোর্ট জানাতে হবে। আপনার ডাক্তার এই রিপোর্টটি ফাইল করতে পারেন অথবা আপনি নিজেই তা করতে পারেন VAERS ওয়েবসাইট **www.vaers.hhs.gov**-তে গিয়ে অথবা **1-800-822-7967** নম্বরে কল করে।

*VAERS চিকিত্সা পরামর্শ প্রদান করে না।*

## 6 ন্যাশানাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম

ন্যাশনাল ভ্যাকসিন ইনজুরি কম্পেনশেসন প্রোগ্রাম (Vaccine Injury Compensation Program, VICP) হলো একটি ফেডারাল প্রোগ্রাম যেটি নির্দিষ্ট কিছু টিকার দ্বারা অসুস্থ হওয়া লোকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তৈরী করা হয়েছে।

যেসব ব্যক্তিদের মনে হয় যে তারা হয়তো টিকার কারণে অসুস্থ হয়েছেন তারা এই প্রোগ্রাম এবং একটি অভিযোগ দাখিল করা সম্বন্ধে **1-800-338-2382** নম্বরে কল করে বা VICP ওয়েবসাইট **www.hrsa.gov/vaccinecompensation** দেখে জানতে পারেন। ক্ষতিপূরণের অভিযোগ দাখিল করার জন্য সময়সীমা রয়েছে।

## 7 আমি কিভাবে আরো বেশী জানব?

- আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন। তিনি আপনাকে টিকার প্যাকেজ দিতে পারেন বা তথ্যের অন্য সূত্র সম্পর্কে প্রস্তাব দিতে পারেন।
- আপনার স্থানীয় বা রাজ্য স্বাস্থ্য বিভাগে কল করুন।
- সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC)তে যোগাযোগ করুনঃ
  - **1-800-232-4636 (1-800-CDC-INFO)** নম্বরে ফোন করুন বা
  - **www.cdc.gov/vaccines**-তে CDC'-র ওয়েবসাইট দেখুন।

Vaccine Information Statement
Meningococcal ACWY Vaccines

03/31/2016 Bengali

Office Use Only

42 U.S.C. § 300aa-26

Translation provided by the New York City Dept. of Health & Mental Hygiene